



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

বেহালা পূর্ব ও বেহালা পশ্চিম
বিধানসভা কেন্দ্রে তিনটি গুরুত্বপূর্ণ পৌর
পরিকাঠামো প্রকল্পের উদ্বোধন করলেন
পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা , ৬ অক্টোবর : বেহালা পূর্ব ও বেহালা পশ্চিম এই দুটি বিধানসভা কেন্দ্রে তিনটি গুরুত্বপূর্ণ পৌর পরিকাঠামো প্রকল্প যথা “সখেরবাজারে একটি আধুনিক বৈজ্ঞানিক ওয়াস্ট কম্পাক্টর স্টেশন নির্মাণ ,বড় জলাশয়ের পুনরুদ্ধার ও গ্রীনবেল্ট গঠন এবং রামমোহন রায় রোডে আধুনিক সাইন্টিফিক ওয়াস্ট কম্পাক্টর স্টেশন নির্মাণ ”আজ উদ্বোধন করেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মাননীয় ক্রীড়ামন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ, মাননীয় বিধায়ক শঙ্কর সিকদার এবং শ্রীমতী স্মিতা পাণ্ডে (আইএএস, মাননীয় অ্যাডমিনিস্ট্রেটর এবং মিউনিসিপাল কমিশনার , কলকাতা মিউনিসিপাল কর্পোরেশন)। প্রকল্পগুলির উদ্বোধন করে মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন , “এই ধরনের আধুনিক ও পরিবেশবান্ধব পরিকাঠামো নাগরিক পরিষেবার মানোন্নয়নের পাশাপাশি শহরকে আরও পরিচ্ছন্ন, সবুজ ও বাসযোগ্য করে তুলতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে”। তিনি আরও বলেন , “বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকীকরণ, জলাশয় সংরক্ষণ এবং সবুজায়নের মতো বিষয়গুলিকে গুরুত্ব দিয়ে কলকাতার নাগরিক পরিকাঠামোকে আরও উন্নত করার লক্ষ্যে এই উদ্যোগগুলি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে রাজ্য সরকার মনে করে।”

ফালাকাটায় বিজেপির
সাংগঠনিক বৈঠকে রাজ্য
সভাপতি শমীক ভট্টাচার্য



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার , ৬ অক্টোবর : বিজেপির আলিপুরদুয়ার সাংগঠনিক জেলা কমিটির একটি বৈঠক আয়োজিত হয় ফালাকাটায় । মঙ্গলবার আয়োজিত এই বৈঠকে উপস্থিত ছিলেন বিজেপির পশ্চিমবঙ্গ রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য , দলের সর্বভারতীয় সম্পাদক তথা আলিপুরদুয়ার এর সাংসদ মনোজ টিগ্গা, আলিপুরদুয়ার জেলা সভাপতি মির্জা দাস সহ রাজ্য ও জেলা নেতৃস্থ। জানা গেছে এদিনের বৈঠকে মূলত সাংগঠনিক আলোচনার পাশাপাশি দলের আগামী দিনের কর্মসূচি নিয়ে আলোচনা হয়েছে।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

নিউ জলপাইগুড়ি স্টেশনে উদ্ধার গাঁজা ,গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৬ অক্টোবর : শিলিগুড়ি জিআরপির স্পেশাল অপারেশন গ্রুপ ও নিউ জলপাইগুড়ি জি আর পির সাদা পোষাকের পুলিশ দলের যৌথ অভিযানে মঙ্গলবার নিউ জলপাইগুড়ি স্টেশনে উদ্ধার হয় গাঁজা। গ্রেপ্তার করা হয় দুজনকে। জানা গেছে গোপন সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে মঙ্গলবার নিউ জলপাইগুড়ি স্টেশনে অভিযান চালায় শিলিগুড়ি জি আর পির স্পেশাল অপারেশন গ্রুপ ও নিউ জলপাইগুড়ি জি আর পির সাদা পোষাকের পুলিশ এর এই যৌথ দল। তারা খবর পায় ডাউন রাজধানী এক্সপ্রেসের এ সি কামরায় গাঁজা নিয়ে আসছে দুই ব্যক্তি। মঙ্গলবার ডাউন রাজধানী এক্সপ্রেস নিউ জলপাইগুড়ি স্টেশনের ছয় নম্বর প্ল্যাটফর্মে এসে দাঁড়াতেই অভিযানকারী দলের সদস্যরা নির্দিষ্ট এসি কামরায় উঠে তল্লাশী শুরু করেন। তল্লাশীতে উদ্ধার হয় গাঁজার প্যাকেট বোঝাই দুটি ট্রলি স্টকেশ। গ্রেপ্তার করা হয় দুই যুবককে। ট্রলি স্টকেশে রাখা ত্রিশটি গাঁজার প্যাকেট ওজন একত্রিশ কেজি পাঁচশো গ্রাম। ধৃতদের নাম উজ্জ্বল পাশোয়ান ও উজ্জ্বল চন্দ্র, দুজনেই অসমের গৌহাটির বাসিন্দা। ধৃতদের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করা হয় ও আদালতে পেশ করা হয়। পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে জিআরপি।

পাচারের আগেই উদ্ধার প্যাঙ্গোলিনের আঁশ, একটি আগ্নেয়াস্ত্র সহ গুলি ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৬ অক্টোবর : বন দপ্তরের কাশিয়া বিভাগের শুকনা রেঞ্জের কর্মীরা বিশ্বস্ত সূত্রে পাওয়া খবরের ভিত্তিতে সোমবার রাতে শিলিগুড়ির খাপরাইল এলাকায় অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় প্যাঙ্গোলিনের আঁশ, একটি আগ্নেয়াস্ত্র ও তিন রাউন্ড গুলি। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করে কাশিয়ায় আদালতে পেশ করা হয়। ধৃত ব্যক্তির নাম দিলীপ দর্জি, শিলিগুড়ি লাগোয়া ফুলবাড়ির বাসিন্দা। বন কর্মীদের অনুমান ধৃত ব্যক্তি প্যাঙ্গোলিনের আঁশ বাইরে পাচারের হুক কষেছিলো। উদ্ধার হওয়া আঁশের ওজন দু কেজি পাঁচশো গ্রাম, যার আনুমানিক বাজার মূল্য কয়েক লক্ষ টাকা। ধৃতকে আদালত জেল হেফাজতের নির্দেশ দিয়েছেন। বন কর্মীরা পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

৫ অক্টোবর পেরিয়েও মেলেনি পুজো বোনাস, ডুয়ার্সের বিভিন্ন চা বাগানে শ্রমিক আন্দোলন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ৬ অক্টোবর : পুজোর মুখে বোনাস বঞ্চনার অভিযোগে ফের উত্তপ্ত ডুয়ার্সের চা বনয়। ৫ অক্টোবরের মধ্যে শ্রমিকদের ২০ শতাংশ হারে পুজো বোনাস দেওয়ার কথা থাকলেও নির্ধারিত সময়সীমা পেরিয়ে ৬ অক্টোবর হয়ে গেলেও জেলার একাধিক চা বাগানে এখনও বোনাস মেলেনি বলে অভিযোগ শ্রমিকদের। এর প্রতিবাদে বিভিন্ন বাগানে শুরু হয়েছে আন্দোলন। আলিপুরদুয়ার জেলার শামুকতলা থানার রহিমাবাদ চা বাগানে বিক্ষোভের পাশাপাশি ভাঙচুর হয় ম্যানেজারের ঘরে। মঙ্গলবার সকাল থেকেই আলিপুরদুয়ার জেলার নিমতি চা বাগানের শ্রমিকরা কাজ বন্ধ রেখে আন্দোলনে নামেন। বাগানের কাজ পুরোপুরি বন্ধ করে ফ্যাক্টরির গেটের সামনে বসে বিক্ষোভ দেখান তাঁরা। শ্রমিকদের অভিযোগ, বাগান কর্তৃপক্ষ এখনও পর্যন্ত কবে বোনাস দেওয়া হবে, সে বিষয়ে তাঁদের কিছু জানায়নি। ফলে পুজোর আগে চরম অনিশ্চয়তার মধ্যে পড়েছেন শ্রমিক ও তাঁদের পরিবার। শুধু বোনাস নয়, বাগানে বেতন নিয়েও অনিয়মের অভিযোগ তুলেছেন শ্রমিকরা। তাঁদের দাবি, নিয়মিত সময়ে বেতনও দেওয়া হচ্ছে না। অন্যদিকে, আলিপুরদুয়ার জেলার চিঞ্চুলা ও রহিমাবাদ চা বাগানেও বোনাসকে কেন্দ্র করে শ্রমিক অসন্তোষ চলছে। শ্রমিকদের দাবি, ওই দুই বাগান কর্তৃপক্ষ ২০ শতাংশ হারে বোনাস দিতে অস্বীকার করেছে। শ্রমিকরা অবশ্য ২০ শতাংশ বোনাসের দাবিতে অনড় রয়েছেন। পুজোর আগে বোনাস নিয়ে একাধিক চা বাগানে শ্রমিক অসন্তোষ তৈরি হওয়ায় ডুয়ার্সের চা শিল্পাঞ্চলে নতুন করে চাপানউতোর শুরু হয়েছে। শ্রমিকদের দাবি, দ্রুত তাঁদের বোনাস মিটিয়ে দিয়ে পরিস্থিতির সমাধান করতে হবে।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

তৃণমূল ও কংগ্রেস কাউন্সিলরদের লক্ষ্য করে ডিম ছোড়ার ঘটনায় চাঞ্চল্য



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৬ অক্টোবর : আলিপুরদুয়ার পৌরসভায় আবাস যোজনা নিয়ে ক্ষোভের বহিঃপ্রকাশ। প্রেস ক্লাবের সামনে তৃণমূল ও কংগ্রেস কাউন্সিলরদের লক্ষ্য করে ডিম ছোড়ার ঘটনায় চাঞ্চল্য।জানা গেছে, এদিন আলিপুরদুয়ার প্রেস ক্লাবে সাংবাদিক সম্মেলন করতে আসেন আলিপুরদুয়ারের তিনজন তৃণমূল কাউন্সিলর এবং কংগ্রেসের কাউন্সিলর শান্তনু দেবনাথ। সেই সময় প্রেস ক্লাবের বাইরে ভিড় জমান সাধারণ মানুষের একাংশ। তাদের অভিযোগ, তাদের অনেকেরই নাম আবাস যোজনার তালিকায় নেই।সাংবাদিক সম্মেলন শেষে কাউন্সিলররা যখন প্রেস ক্লাব থেকে বের হচ্ছিলেন, তখনই বাইরে অপেক্ষারত জনতা তাদের উদ্দেশ্য করে ডিম ছুড়তে শুরু করে। ডিম গিয়ে লাগে তৃণমূল কাউন্সিলর দিবাকর পালের মাথায় এবং কংগ্রেস কাউন্সিলর শান্তনু দেবনাথের শরীরে।ঘটনাকে ঘিরে প্রেস ক্লাব চত্বরে উত্তেজনা ছড়ায়। এই ঘটনায় পৌরসভার বিরুদ্ধে সাধারণ মানুষের ক্ষোভ আরও একবার প্রকাশ্যে এল।

জেলার বিভিন্ন পুজো প্যান্ডেল ঘুরে দেখলেন জেলা পুলিশের আধিকারিকগণ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,৬ অক্টোবর : মঙ্গলবার কোচবিহার জেলার বিভিন্ন পুজো প্যান্ডেল ঘুরে ঘুরে দেখলেন জেলা পুলিশ সুপার, অতিরিক্ত পুলিশ সুপার ও পুলিশের উচ্চ পদস্থ আধিকারিকগণ। জেলা পুলিশ সুপার জানান আসন্ন দুর্গা পূজা উৎসবে সকলের জন্য নিরাপত্তা সুনিশ্চিত করে উৎসবকে যাতে শান্তিপূর্ণ ও আনন্দমুখর করে সম্পন্ন করা যায় তার লক্ষ্যেই এদিনের পরিদর্শন। পুজো প্যান্ডেল গুলিতে প্রবেশ ও বেরোনের ব্যবস্থা, অগ্নিনির্বাপন ব্যবস্থা,জরুরী পরিস্থিতির মোক্কাবিলা, ভীড় নিয়ন্ত্রন, যান চলাচলে অসুবিধা না ঘটানো প্রভৃতি বিষয়ে উদ্যোক্তারা কি ব্যবস্থা প্যান্ডেলগুলিতে রেখেছে সব খতিয়ে দেখা হয়। পুলিশ সুপার জানান পুজো প্যান্ডেলগুলিতে দর্শক সাধারণনের নিরাপত্তা জনিত কোনো খামতি যাতে না থাকে সে বিষয়ে পুজো উদ্যোক্তাদের সাথে কথা বলে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশ দেওয়া হয়েছে।



Contact No: 9836753661 

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

